ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৭১৫

উদয়পুর, ১১ নভেম্বর, ২০২৬

উদয়পুরে দীপাবলি উৎসব ও মেলার সমাপ্তি

উদয়পুরের মাতাবাড়িতে আয়োজিত তিনদিনব্যাপী দীপাবলি উৎসব ও মেলা গতকাল শেষ হয়েছে। গতকাল সন্ধ্যায় মাতাবাড়িতে সাংস্কৃতিক মঞ্চে আয়োজিত সমাপন অনুষ্ঠানে মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক অভিষেক দেবরায় উৎসবের সমাপ্তি ঘোষণা করেন। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শিল্পী দাস, ডিসিএম চন্দ্রশেখর চ্যাটার্জি, তথ্য ও সংস্কৃতি দপ্তরের গোমতী জেলা অফিসের সহ অধিকর্তা টিঙ্কু বিশ্বাস প্রমুখ।

সমাপ্তি অনুষ্ঠানে মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক অভিষেক দেবরায় বলেন, দীর্ঘদিন ধরে মানুষের প্রত্যাশা অনুযায়ী এবার উদ্বোধনী অনুষ্ঠানে ড্রোন শো-এর আয়োজন করা হয়েছে। আগামী বছর দীপাবলি উৎসব ও মেলা আরও বর্ণাঢ্যভাবে আয়োজন করা হবে। এবার দীপাবলি উৎসব সফলভাবে সম্পন্ন হওয়ায় তিনি সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর এবং এলাকাবাসীকে ধন্যবাদ জানান। দীপাবলি উৎসব উপলক্ষে বিভিন্ন দপ্তর থেকে রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিগুলি প্রদর্শনের জন্য প্রদর্শনী মন্ডপ খুলেছিল। সমাপ্তি অনুষ্ঠানে সেরা প্রদর্শনী মন্ডপগুলিকে পুরস্কৃত করা হয়। এরমধ্যে প্রথম স্থান অর্জন করে স্বাস্থ্য দপ্তর। দ্বিতীয় স্থান অধিকার করেছে উদয়পুর পুর পরিষদ ও মাতাবাড়ি আরডি ব্লক। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর তৃতীয় স্থান অর্জন করেছে। বিধায়ক অভিষেক দেবরায় বিজয়ী দপ্তরগুলিকে পুরস্কৃত করেন।

****